



প্রতিদিন একবার হলেও আদনার  
প্রতিষ্ঠানের ই-মেইল ওপেন করুন।

## বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

Website : www.bteb.gov.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রতিদিন একবার হলেও ব্রাউজিং এর ওয়েবসাইট  
(www.bteb.gov.bd)  
ভিজিট করুন।

স্মারক নং- ৩৭.১৭.০০০০.৩০১.৩১.০০১.১৭.৬

তারিখঃ ২৯-০৩-২০১৭ খ্রিঃ

### ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষার ফলাফল পুনঃনিরীক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ডিসেম্বর’২০১৬-জানুয়ারী’২০১৭ মাসে অনুষ্ঠিত ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ১ম, ৩য়, ৫ম, ৬ষ্ঠ ও ৮ম পর্ব নিয়মিত ও ৪র্থ, ৭ম পর্ব অকৃতকার্য বিষয়ের এবং ৮ম পর্ব অনিয়মিত (২০১০ প্রবিধান) পরীক্ষা-২০১৬ এবং ২ বছর মেয়াদি সার্টিফিকেট ইন মেরিন ট্রেড শিক্ষাক্রমের ১ম, ৩য় পর্ব সমাপনী ও ৪র্থ পর্ব অনিয়মিত পরীক্ষা-২০১৬ এর ফলাফল গত ২৮-০৩-২০১৭ তারিখে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে (www.bteb.gov.bd) প্রকাশিত হয়েছে। প্রকাশিত ফলাফলে অনুত্তীর্ণ/ রেফার্ডপ্রাপ্ত কোন পরীক্ষার্থী কোন উত্তরপত্র পুনঃনিরীক্ষণ করতে ইচ্ছুক হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবরে আগামী ১১-০৪-২০১৭ইং তারিখে মধ্যে বোর্ডে আবেদন করতে হবে।

### পুনঃনিরীক্ষণের আবেদনের সাথে নিম্নোক্ত ডকুমেন্ট সংযুক্ত করতে হবেঃ

১. প্রতিষ্ঠান প্রধান এর সুপারিশসহ পরীক্ষার্থী কর্তৃক সাদা কাগজে লিখিত আবেদন।
২. আবেদনকারী পরীক্ষার্থীর প্রবেশপত্রের ফটোকপি।
৩. আবেদনকারী পরীক্ষার্থীর রোল নম্বর চিহ্নিত ফলাফল এর কপি।
৪. পুনঃনিরীক্ষণ ফি প্রতি বিষয়ে ৩০০/- (তিনশত) টাকা হারে।

এছাড়া, প্রকাশিত ফলাফল সংক্রামত্ব অন্যান্য বিষয়ে (TC, PC, PF, GPA ইত্যাদি সংক্রামত্ব) কোন আপত্তি থাকলে আগামী ১০-০৪-২০১৭ তারিখের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/কেন্দ্র প্রধানের (প্রয়োজ্য ক্ষেত্রে) মাধ্যমে প্রয়োজনীয় তথ্যাদিসহ পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর আবেদন হাতে হাতে বোর্ডে পৌছাতে হবে।

বিঃদ্রঃ-

১. ডাকযোগে/কুরিয়ার সার্ভিস/ই-মেইলের মাধ্যমে প্রেরিত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।
২. নির্ধারিত তারিখের (১১-০৪-২০১৭ ইং) পর প্রাপ্ত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

(প্রকৌশলী সুশীল কুমার পাল)

পরীক্ষা নিয়ন্ত্রক

ফোন-০২-৯১১৩২৮৩